



শেখ হাসিনার দেশে ফেরার ঘোষণা দিয়ে মাইকিংয়ের ভিডিও ভাইরাল



ছবি: সংগৃহীত

নওগাঁর মান্দায় ক্ষমতাচ্যুত প্রধানমন্ত্রী শেখ হাসিনার দেশে ফেরার কথা জানিয়ে মাইকিং করা হয়েছে। একই সঙ্গে আওয়ামী লীগের নেতাকর্মী ও সমর্থকদের রাজনৈতিক কর্মসূচির জন্য প্রস্তুত থাকার আহ্বান জানানো হয়। এ ঘটনায় জড়িত সন্দেহে একজনকে গ্রেপ্তার করেছে পুলিশ।

স্থানীয় সূত্রে জানা গেছে, মান্দা উপজেলার কালিকাপুর ইউনিয়নের জয়বাংলা মোড়ের পূর্ব পাশে ছোট মুহুরক এলাকায় সম্প্রতি অটোরিকশায় করে এ প্রচারণা চালানো হয়। মাইকিংয়ে বলা হয়, শেখ হাসিনার দেশে ফেরার তারিখ নির্ধারিত হলে পরে তা জানানো হবে। তত দিন দলীয় এক্য বজায় রেখে নেতাকর্মীদের প্রস্তুত থাকতে বলা হয়।

মাইকিংয়ের একটি ভিডিও ফেসবুকে ‘আসলাম টিপু’র সমর্থক গোষ্ঠী’ নামে একটি পেজ বা অ্যাকাউন্ট থেকে ছড়িয়ে পড়ে। প্রচারণার বার্তায় আসলাম টিপুকে সাবেক ছাত্র ও যুবনেতা হিসেবে উল্লেখ করা হয়েছে। তবে ভিডিওটি কবে ধারণ করা হয়েছে এবং এর সঙ্গে জড়িত ব্যক্তিদের বক্তব্য স্বাধীনভাবে যাচাই করা যায়নি।

ভিডিওটি ছড়িয়ে পড়ার পর সংশ্লিষ্ট ব্যক্তিদের শনাক্ত করতে অভিযান শুরু করে মান্দা থানা পুলিশ। এ ঘটনায় জিজ্ঞাসাবাদের জন্য একজনকে গ্রেপ্তার করা হয়েছে। অভিযান চলমান থাকায় তাঁর পরিচয় তাৎক্ষণিকভাবে প্রকাশ করেনি পুলিশ।

মান্দা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আফজাল হোসেন ঘটনার সত্যতা নিশ্চিত করে জানান, বিষয়টি গুরুত্বের সঙ্গে তদন্ত করা হচ্ছে। এ ঘটনায় সন্দেহভাজন একজনকে জিজ্ঞাসাবাদের জন্য গ্রেপ্তার করা হয়েছে। জড়িত অন্যদের শনাক্ত করে আইনের আওতায় আনার চেষ্টা চলছে।